# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৭২টি প্রতিষ্ঠানকে ৩.৯৫ লক্ষ টাকা জরিমানা

১২ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে নরসিংদী, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, গাইবান্ধা, রংপুর, বরিশাল, ভোলা, সিলেট, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, পটুয়াখালী ও সুনামগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

নরসিংদী জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৬,০০০/- (ছত্রিশ হাজার)** টাকাসহ মোট **৮৮,০০০/- (আটাশি হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের কোতয়ালী এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের হালিশহর থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বাহা উদ্দীন ভূঁঞা এর নেতৃত্বে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলার দৌলতখান উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের শাহপরান এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬৫,৫০০/- (পঁয়ষট্টি হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর দুমকি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা এবং সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ **মোট ২,৫২,৫০০/- (দুই লক্ষ বাহান্ন হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে Grassroot Cafe, Arong কে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চায়না টাউন চাইনিজ রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বঙ্গবন্ধু সেতু রিসোর্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাস কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আল আরফাত বেকারিকে **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সিদরা শর্মা এন্ড বিরানি হাউস ও লেকডাইন রেস্টুরেন্টকে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **৯,০০০/- (নয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায় কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Eat `n' Meet কে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **২১টি** বাজার তদারকির ও **১০টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭২টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৯৫,৫০০/- (তিন লক্ষ পঁচান্নবই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১০ জন** অভিযোগকারীকে মং **১৩,৭৫০/- (তের হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১১ জুলাই ২০১৭ তারিখে সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, নরসিংদী, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, গাইবান্ধা, রংপুর, বরিশাল, ভোলা, সিলেট, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, পটুয়াখালী ও সুনামগঞ্জ।
৭। পুলিশ সুপার, নরসিংদী, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, গাইবান্ধা, রংপুর, বরিশাল, ভোলা, সিলেট, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, পটুয়াখালী ও সুনামগঞ্জ।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।